# *বাংলাদেশ গণিত সমিতি*

## সম্মাননাপ্রাপ্ত গণিতবিদ : ফিরে দেখা

বাংলাদেশ গণিত সমিতির সভাপতি হিসেবে প্রফেসর এম শামসুর রহমানের কার্যকালে (২০০৮, ২০০৯), প্রথমবারের মতো, সমিতি উনিশজন বর্ষীয়ান গণিতবিদকে ২০০৮-সম্মাননা প্রদান করে। এ মনোজ্ঞ কার্যক্রম পালিত হয় ২২ ফেব্রুয়ারি ২০০৯ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর আ আ ম স আরেফিন সিদ্দিক। পরে আরও একজন (মোট বিশজন) জীবন্ত শহীদ খ্যাত অশীতিপর অকৃতদার বৃদ্ধ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সহকারি অধ্যাপক (১৯৬৭-৭৩) মো. মজিবর রহমান দেবদাসকে সম্মাননা দেয়া হয়েছে ১২ জুন ২০০৯ তারিখে। মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে (সেগুন বাগিচা, ঢাকা) এ অনুষ্ঠান সম্পন্ন হয়। প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। সকল অনুষ্ঠান পরিচালনা করেন সমিতি সম্পাদক ড. অমূল্য চন্দ্র মন্ডল।

সেই থেকে অর্ধযুগ অতিক্রান্ত হলো। সম্মাননাপ্রাপ্ত গণিতবিদদের বর্তমান অবস্থান কিরূপ আমরা যেন তা বিস্মৃত হয়ে গেছি। এদের মধ্যে ৯ জনই ইহলোক ত্যাগ করেছেন। বাদবাকী **১১**জন গণিতবিদসহ প্রত্যেকের বৃত্তান্ত বর্তমান ঠিকানাসহ তুলে ধরা হলো।

**১**

**প্রফেসর মুহম্মদ আনওয়ার আলী**
সেক্টর-১০, রোড-৫, হাউস-২১
উত্তরা, ঢাকা-১২৩০
ফোন: ৮৯৫৩৬৯৬ (বাসা), ০১৭৩২-৩৯৫০১২
**সদস্য নং আ-১৩০**
[ প্রতিষ্ঠাতা ডীন, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
সাবেক কার্যনির্বাহী সদস্য, বাংলাদেশ গণিত সমিতি ]

**২**

**প্রফেসর মো. সুরুজ উদ্দিন আহাম্মদ**
বাসা নং ৫/৬, ব্লক এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭
ফোন: ৯১১৪৪৮৮ (বাসা), ০১৭১২-০৮৫৩২৬
**সদস্য নং আ-০৩৫**
[ সাবেক সচিব, ঢাকা শিক্ষাবোর্ড ]





**৩**

**প্রফেসর আ ফ ম খোদাদাদ খান**
(ঢাকা বিশ্ববিদ্যালয়)
Correle Apartment
A/3 Aurangzeb Road
13/3 Mohammadpur, Dhaka-1207
ফোন: ৮১২৯৩২৯ (বাসা), ০১৭১১-৫৪৮০৯১
**সদস্য নং আ-০০৯**
[ সাবেক সম্পাদক ও সাবেক সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]

**৪**

**প্রফেসর এ এ কে এম লুৎফুজ্জামান**
Dean, School of Science & Technology
State University of Bangladesh
৭৭ সাতমসজিদ রোড,
ধানমন্ডি, ঢাকা-১২০৫
ফোন: ৮১৫১৭৮৩-৫ (অফিস), ৯৬৭০৩০৭ (বাসা), ০১৮১৭-১৩০৫৩৯
**সদস্য নং আ-০১৭**
[ প্রতিষ্ঠাতা কার্যনির্বাহী সদস্য, বাংলাদেশ গণিত সমিতি ]

**৫**

**প্রফেসর শামসুল হক মোল্লা**
(ঢাকা বিশ্ববিদ্যালয়)
বাড়ি নং ১/ই/১১, সড়ক নং ৭/এ
পশ্চিম ধানমন্ডি, জিগাতলা, ঢাকা-১২০৯
ফোন: ৯১৪০৮১১ (বাসা), ০১৭২৭-২৮৯৪১৭
**সদস্য নং আ-১০৭**
[ সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ও সাবেক সম্পাদক, বাংলাদেশ গণিত সমিতি ]

**৬**

**প্রফেসর হারুনুর রশীদ**
(ব্রজলাল কলেজ, দৌলতপুর, খুলনা)
৫৮/২ মিয়াপাড়া রোড, খুলনা-৯১০০
ফোন: ৮০২২৮৪৩/০৪১-৭২৫৯৪৪ (বাসা), ০১৭৪১-১২৫৫৮৩
**সদস্য নং আ-২৪৫**
[ সাবেক সহসভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]

**৭**

**প্রফেসর আবু জায়েদ শিকদার**
ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল প্রাধ্যক্ষ বাসভবন
ফোন: ০১৭০৩-৩০২৭০২
**সদস্য নং আ-৩৪৯**
[ সাবেক রেজিস্ট্রার, ঢা বি। সাবেক কার্যনির্বাহী সদস্য, বাংলাদেশ গণিত সমিতি ]

**৮**

**প্রফেসর এস এম আজিজুল হক**
(ঢাকা বিশ্ববিদ্যালয়)
11 Water Fordplace
N Chetemsford
MA 01863 1658, USA
Tel. 001-9782510684
**সদস্য নং আ-০০১**
[ প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]

**৯**

**প্রফেসর এম রশীদুল হক**
(চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়)
পল্টন প্লাজা (দশ তলা), ঢাকা-১২১৭
**সদস্য নং আ-০৮৮**
[ সাবেক সহসভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]

**১০**

**প্রফেসর মো. ফজলী হোসেন**
পাহাড়িকা হাউজিং এস্টেট
দক্ষিণ ক্যাম্পাস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১
ফোন: ০৩১-২৬০৬০৬১ (বাসা), ০১৮১৯-৬১৪৭১৫
**সদস্য নং আ-০৪৮**
[ সাবেক সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি।
সাবেক উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। ]



**১১**

**মো. মজিবর রহমান দেবদাস**
(রাজশাহী বিশ্ববিদ্যালয়)
জয়পুরহাট, জামালগঞ্জ

## সম্মাননাপ্রাপ্ত গণিতবিদ : ইহলোক ত্যাগ

**১২$_{১}$**

**সহযোগী প্রফেসর পীযুষ কান্তি ভট্টাচার্য্য**
(চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়)
২৮/এ জয়নগর ১ম লেন, চকবাজার, চট্টগ্রাম-৪০০০
ফোন: ০৩১-৬৫১৫২০ (বাসা), ০১৭১১-৪০৫২৮৩
**সদস্য নং আ-০৫৬**
[ উচ্চমাধ্যমিক ও স্নাতক পর্যায়ের পুস্ক প্রণেতা ]
মৃত্যু : চট্টগ্রাম ৮ জানুয়ারি ২০০৯

**১৩$_{২}$**

**প্রফেসর এস এম শরফুদ্দিন**
(Director, Institute for Advancement of
Science and Technology Teaching, Dhaka)
রোড-১১৭, হাউস-৯/সি, ফ্লাট-ডি/৪ (চার তলা), গুলশান
ফোন: ০১৬১১-৫৯৩৫৫৫
**সদস্য নং আ-০০৬**
[ সাবেক সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]
মৃত্যু : ঢাকা ২৬ জানুয়ারি ২০১০

**১৪$_{৩}$**

**প্রফেসর আ ম ম শহীদুল্লা**
(ঢাকা বিশ্ববিদ্যালয়)
২২ কবি জসীমউদ্দীন রোড, কমলাপুর, ঢাকা
ফোন: ০১৭২৬-২০৮১৩২
**সদস্য নং আ-০০৭**
[ সাবেক সম্পাদক, বাংলাদেশ গণিত সমিতি ]
মৃত্যু : ঢাকা ২৯ সেপ্টেম্বর ২০১০

**১৫$_{৪}$**

**প্রফেসর এ এফ এম আবদুর রহমান**
(ঢাকা বিশ্ববিদ্যালয়)
বিল্ডিং নং ৪/এ-২
প্রপার্টি এস্টেট, শান্তিনগর বাজার, ঢাকা-১২১৭
ফোন: ৮৩৫২৫৫৩ (বাসা), ০১৭৭০-০৩৭৬৫৯
**সদস্য নং আ-০৯৪**
[ সাবেক সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]
মৃত্যু : ঢাকা ৩১ জানুয়ারি ২০১২

**১৬$_{৫}$**

**প্রফেসর সৈয়দ আলী আফজাল**
(বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা)
বাড়ি নং ৫৩, সড়ক নং ৩
সেক্টর ৫, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
ফোন: ৭৯১৪৯০৯ (বাসা), ০১৮১৭-৫৩৫৯৫৮
**সদস্য নং আ-০০৫**
[ সাবেক সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]
মৃত্যু : ঢাকা ১৭ মার্চ ২০১২

**১৭$_{৬}$**

**প্রফেসর জামাল নজরুল ইসলাম**
(গণিত ও ভৌতবিজ্ঞান গবেষণা কেন্দ্র, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়)
Sabza-zar, 28 Surson Road, চট্টগ্রাম
ফোন: ০৩১-৬১৬৭৮০ (বাসা), ০১৭২০-২০৬৮১৫
[ সাবেক সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি ]
মৃত্যু : ১৬ মার্চ ২০১৩

**১৮$_{৭}$**

**প্রফেসর মো. নূর-উন-নবী খান**
(রংপুর কারমাইকেল কলেজ)
বাড়ি নং ৭২, সড়ক নং ৩
দক্ষিণ গুপ্তপাড়া, রংপুর-৫৪০০



ফোন: ০৫২১-৬৫২৫৬ (বাসা), ০১৭১৮-৬৪৪২১৬
[ উচ্চমাধ্যমিক পুস্ক প্রণেতা ]
মৃত্যু : রংপুর ৫ সেপ্টেম্বর ২০১৩

**১৯$_{৮}$**

**প্রফেসর কামরুন্নেসা বেগম**
(শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা বিশ্ববিদ্যালয়)
৫০৮ মালিবাগ বাগানবাড়ি, ঢাকা-১২১৭
ফোন: ৮৩১৬১৯৭ (বাসা), ০১৯৩৫-৪৮৬২৮৫
**সদস্য নং আ-০২৫**
[ গণিত শিক্ষা ও গবেষণা পুস্ক রচয়িতা ]
মৃত্যু : ঢাকা ১৯ আগস্ট ২০১৪

**২০$_{৯}$**

**প্রফেসর মীজানুর রহমান**
*[মীজান রহমান]*
School of Mathematics & Statistics
Carleton University
1125 Colonel by Drive, Ottawa
Ontario K1S 5B6, Canada
Tel. 613-520-2600 (Ext. 2137)
* * *
109 Homestead Street
Nepean, Ontario K2E 7T4, Canada
Tel. 613-224-9146
মৃত্যু : অটোয়া, কানাডা ৫ জানুয়ারি ২০১৫

# ‘শতবর্ষ আগে’


[কবি-সম্রাট রবীন্দ্রনাথের ‘আজি হতে শতবর্ষ পরে’ পড়িয়া]
নজরুল ১৪০০ সাল নিয়ে লেখেন,

আজি হ’তে শতবর্ষ আগে
কে কবি, স্মরণ তুমি করেছিলে আমাদেরে শত অনুরাগে,
আজি হ’তে শতবর্ষ আগে।

এখন মূল কথায় আসি–

॥ ১ ॥

*আইনস্টাইনের তত্ত্ব শতবর্ষে*



পদার্থবিজ্ঞানী অ্যালবার্ট আইনস্টাইনের বিখ্যাত আপেক্ষিকতা তত্ত্বের ১০০ বছর পূর্ণ হয়েছে। সময় সম্পর্কে চিরাচরিত ধারণার তুলনায় তাঁর বৈপ্লবিক অনুমানটি ব্যতিক্রমী। আইনস্টাইনের এ তত্ত্বের ত্রুটি খুঁজে বের করার চেষ্টাও করেছেন অনেক বিজ্ঞানী।

যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) বিজ্ঞান, প্রযুক্তি ও সামাজিক ইতিহাস বিভাগের অধ্যাপক ডেভিড কাইজার বলেন, ‘স্থান ও কালের মতো সবচেয়ে মৌলিক জিনিসগুলো নিয়ে আমাদের ধারণা বদলে দিয়েছেন আইনস্টাইন। ফলে মহাজগৎ সম্পর্কে আমাদের চোখ খুলে গেছে। কৃষ্ণগহ্বরের মতো আকর্ষণীয় জিনিসগুলো কীভাবে কাজ করে, সে সম্পর্কেও আমরা নতুন ধারণা পেয়েছি তার কাছ থেকে।’

জার্মানিতে জন্ম নেওয়া আইনস্টাইন জীবনের শেষ বছরগুলো যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ে কাটিয়েছেন।

আপেক্ষিকতার তত্ত্বটি তিনি প্রুশিয়ান একাডেমি অব সায়েন্সে ১৯১৫ সালের ২৫ নভেম্বর উপস্থাপন করেন। পরের বছরই (১৯১৬) এটি একটি বিজ্ঞান সাময়িকীতে প্রকাশিত হয় [1]। ১৬৮৭ সালে স্যার আইজ্যাক নিউটন মহাবিশ্বের অভিকর্ষ নিয়ে যে সূত্র দিয়েছেন, তা থেকে বিজ্ঞানের বড় ধরনের উত্তরণ হিসেবে বিবেচিত আইনস্টাইনের তত্ত্বটি।

তবে অত্যন্ত কঠিন একটা কাজ এখনো বাকি– সেটা হলো আপেক্ষিকতার সাধারণ তত্ত্বের সঙ্গে কোয়ান্টাম পদার্থবিদ্যার সামঞ্জস্য করা। সূত্র : এএফপি



*সংগ্রহ : প্রথম আলো*, ২১ অক্টোবর, ২০১৫।
১৯১৬ সালে আইনস্টাইনের [2] প্রকাশিত পেপারের প্রতি দৃষ্টি নিবদ্ধ করি।

আইনস্টাইন জার্মান-আমেরিকান গাণিতিক পদার্থবিজ্ঞানী (১৮৭৯-১৯৫৫)। Zurich-এর Polytechnic Academy থেকে ১৯০৫ সনে আইনস্টাইনের ডক্টরেট ডিগ্রি অর্জন। রয়াল সোসাইটির প্রবাসী সদস্য নির্বাচিত হন। উল্লেখ্য, আইনস্টাইনের নোবেল জয় ১৯২১। ১৯৪১ সালে আমেরিকার নাগরিকত্ব গ্রহণ করেন।

---

॥ ২ ॥



আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্বের বিশ্লেষণে যিনি গভীর মনোনিবেশে থাকেন তিনি সত্যেন্দ্রনাথ বসু (১৮৯৪-১৯৭৪)। শ্রী বসু কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯১৫ সালের গণিতে এম.এসসি.। এখন থেকে শতবর্ষ আগে। ১৯২১-এ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরে এ বিশ্ববিদ্যালয়ে পদার্থবিজ্ঞান বিভাগে রীডার হিসেবে তিনি যোগ দেন। তার শিক্ষকতার গৌরবময় দুই যুগ কাটিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে। Quantum Statistics-এর উদ্ভাবক এবং একজন নিবেদিতপ্রাণ বিজ্ঞানী হিসেবে তিনি খ্যাতি লাভ করেন। একনিষ্ঠ বিজ্ঞানসাধক সত্যেন বসু আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্বের উপর আরও গবেষণার দরুন তা নামকরণ হয় *Bose-Einstein* Theory. সারাবিশ্বে এটি সমাদৃত [3]।

১৯৪৫-এ প্রফেসর বসু তার বর্ণাঢ্য কর্মস্থল ঢাকা থেকে বিদায় নেন এবং কোলকাতা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞানের প্রফেসর নিযুক্ত হন। তিনি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (১৯৫৬-১৯৫৮) পদে অধিষ্ঠিত ছিলেন। ১৯৫৮-তে তিনি কোলকাতা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস প্রফেসর এবং পরের বছর ভারতের জাতীয় অধ্যাপকের মর্যাদায় আসীন হলেন। শ্রী বসু FRS, দেশিকোত্তম ও পদ্মভূষণ উপাধিতে ভূষিত হন।

সত্যেন বসু ছিলেন বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার পথিকৃত। তিনি ‘বঙ্গীয় বিজ্ঞান পরিষদ’ প্রতিষ্ঠা করেন এবং এর মুখপত্র ‘জ্ঞান ও বিজ্ঞান’ প্রকাশে তার বিরাট ভূমিকা ছিল। এই বিশ্ববরেণ্য বিজ্ঞানী ১৯৭৪-এর ৪ ফেব্রুয়ারি কোলকাতায় লোকান্তরিত হন।

॥ ৩ ॥



শতবর্ষ আগে ১৯১৫ সালে নোবেল পুরস্কারে ভূষিত হন পঁচিশ বছর বয়সী অস্ট্রেলীয় বংশোদ্ভূত বৃটিশ পদার্থবিজ্ঞানী উইলিয়াম লরেন্স ব্রাগ। পদার্থবিদ পিতা উইলিয়াম হেনরি ব্রাগের সঙ্গে যৌথভাবে পুত্র লরেন্স এই পুরস্কার পান।

শতবর্ষের পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কারের ইতিহাসে এখন অবধি সর্বকনিষ্ঠ নোবেল বিজয়ী লরেন্স। সূত্রঃ গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডস।

প্রথম আলো, ২৯ ডিসেম্বর ২০১৩।



বর্তমান হিসেবে ২০১৩-তে ষোড়শী মালালা নোবেল জয়ের খ্যাতি অর্জন করে হলেন সর্বকনিষ্ঠ।

পাকিস্তানের মালালা ইউসুফজাইয়ের নাম এখন বিশ্বজোড়া। নারী শিক্ষার পক্ষে ব্লগে লেখা। এজন্য তালেবানের হামলার শিকার হওয়া। এরপর নোবেল জয়সহ বিশ্ব আইকনে পরিণত।

- এম. শামসুর রহমান

***তথ্যসূত্র***


1. Die Grundlage der allgemeinen Relativitäta-theorie.

   J.A. Barth, Leipzig; also *Ann. der Physik*, 49 (1916), 769-822.
2. এম. শামসুর রহমান, শতবর্ষ পরে চলে গেলেন পরপারে, *গণিতপরিক্রমা* ১৯ (২০০৯), ৯৯-১০৬। পৃ. ১০৩।
3. এম. শামসুর রহমান, বিজ্ঞানসাধক : বিচিত্র জীবনকথা, *গণিতপরিক্রমা* ২০ (২০১০), ৯-৩৮। পৃ. ৩০।